মাঠে - ময়দানে

ইংল্যান্ড চ্যাম্পিয়ন্স লিগে গোলশূন্য ড্র করল অ্যাস্টন ভিলা ও মিডলব্রুজ।

সাউথ আফ্রিকা কনম্বোল টুর্নামেন্টে মোঙ্গাসকে ২-১ গোলে হারাল গ্রেমেরো।





হায়দরাবাদের বিরুদ্ধে ম্যাচ জিতে প্লে-অফে যাওয়াই লক্ষ্য বেঙ্গালুরুর

বেঙ্গালুরু, ১৬ মে: ১২ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকায় সপ্তম স্থানে রয়েছে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু। আর শীর্ষস্থানে অবস্থান করেছে সানরাইজার্স হায়দরাবাদ। প্লে-অফে পৌঁছে গেছে তারা। কিন্তু বেঙ্গালুরুকে প্লে-অফে নিজেদের অবস্থান ঠিক করতে গেলে হায়দরাবাদকে হারাতেই হবে। আগের ম্যাচে চেন্নাইয়ের কাছে একতরফা ম্যাচে হেরেছে সানরাইজার্স। অন্যদিকে, ১০ উইকেটের মতো বড় ব্যবধানে জিতে চাঙ্গা বিরাট কোহলিরা। প্রথম দিকে ব্যাট ও বল হাতে কোনও চমক দেখাতে না পারলেও বর্তমানে কোহলি, এবি ডিভিলিয়ার্স ও বল হাতে উমেশ যাদব ভাল পারফরম্যান্স করছে। আগের ম্যাচেই দুরন্ত পেস বোলার উমেশ যাদব কিংসকে কোনওভাবেই মাথা তুলে দাঁড়াতে দেয়নি। আগের ম্যাচে ব্যাট হাতে ব্যর্থ হলেও ভরসা জোগাচ্ছে এবি। বল হাতে মহম্মদ সিরাজ, যজুবেন্দ্র চহাল ও উমেশ যাদব ভাল বল করলেও ডেথ ওভারে ভাল বোলিং করতে পারছে না তারা। বড্ড বেশি রান দিয়ে ফেলছেন। সেটাই সমস্যার একমাত্র কারণ হয়ে দাঁড়াচ্ছে বিরাটের। আগের ম্যাচে কিংসকে ৮৮ রানে অল-আউট করে দিলেও চিন্তায় রেখেছে আরসিবি'র বোলারদের ধারাবাহিকতা। অন্যদিকে, বিরাট কোহলি বলেছিলেন, তিনি নাকি বরাবরই রান তাড়া করতে ভালবাসেন। চলতি আইপিএলেও বেশ কয়েকটি ম্যাচে প্রথমে ফিল্ডিং করেছে আরসিবি। গতকালও দিল্লি ডেয়ারডেভিলসের বিরুদ্ধে রান তাড়া করে জয় পেয়েছে আরসিবি। আগামীকাল কিংস ইলেভেন পাঞ্জাবের বিরুদ্ধে খেলতে নামবে বিরাট কোহলিরা। প্লে-অফে যাওয়ার আশা জিইয়ে রাখতে হলে এই ম্যাচ জিততেই হবে আরসিবিকে। তার আগে বিরাট জানিয়েছেন, বাকি ম্যাচগুলিতে তারা রান তাড়া করতে চাইছেন। গতকাল ৪০ বলে ৭০ রানের অসাধারণ ইনিংস খেলেন বিরাট কোহলি। তাঁর পাশাপাশি এবি ডিভিলিয়ার্সও দুর্দান্ত পারফরম্যান্স দেখান। মূলত এই দুই ব্যাটসম্যানের সৌজন্যেই সহজ জয় পায় আরসিবি। লিগ টেবলে সাত নম্বরে থাকলেও, প্লে-অফে যাওয়ার আশা আছে বলেই মনে করছেন বিরাট। তিনি বলেছেন, গতকাল আমরা ভাল বোলিং করতে পারিনি। তবে ছেলেরা ভালই খেলেছে। রান তাড়া করা অবশ্য যথাযথ ছিল। এই পর্যায়ে রান তাড়া করাই ভাল। কারণ সেক্ষেত্রে ব্যাটসম্যানদের পক্ষে দায়িত্ব নেওয়া সহজ হয়। নিজেদের মতো করে খেলা সাজিয়ে নেওয়া যায়। আমাদের ছেলেরা সেটাই ভাল করতে পারে। এবি'র প্রশংসা করে বিরাট বলেছেন, এবি'র সঙ্গে ব্যাট করতে দারুন লাগে। আমরা এর আগে অনেকবার রান তাড়া করতে নেমে এভাবেই একসঙ্গে ব্যাট করে দলকে জিতিয়েছি। গতকাল রান তাড়া করা সহজ ছিল না। তবে ইনিংসের বিরতির সময় এবি আমাকে বলে, চিন্তা কোরো না, আমরা জিতে যাব। ওর কথা শুনে আত্মবিশ্বাসী হয়ে উঠি। ওর সঙ্গে ব্যাট করার সুযোগ পেয়ে আমি সম্মানিত।

অন্যদিকে, হায়দরাবাদের হয়ে শিখর ধাওয়ান ও কেন উইলিয়ামসন ধারাবাহিকভাবে রান করে আসছেন। সমস্যা হল মিডল অর্ডারে ব্যাটের হাল ধরতে পারছেন না কেউই। যত কম রানই হোক দলের বোলার রাশিদ খান, সিদ্ধার্থ কউল, ভুবনেশ্বর কুমার, সন্দীপ শর্মা, জর্ডন ভাল করে বিপক্ষ ব্যাটসম্যানদের রান তোলার গতি কমিয়ে দিচ্ছেন। সেদিক থেকে কোনও সমস্যা নেই কেন উইলিয়ামসনে। এখন দেখার আরসিবি'র ভাল ব্যাটিং না হায়দরাবাদের বোলিং, কে শেষ হাসি হাসে।

নেলসন মেন্ডেলা সেনেটারি চ্যালেঞ্জ এবং দক্ষিণ আফ্রিকা মামেলোডি সানডাউন্সের ম্যাচে উপস্থিত থাকতে জোহানেসবার্গ পৌঁছালেন আর্জেন্টিনার তারকা খেলোয়াড় লিওনেল মেসি ও তাঁর সতীর্থরা।

বিশ্ব একাদশে তরুণ স্পিনার সন্দীপ লামিছানে

নয়াদিল্লি, ১৬ মে: ঘূর্ণিঝড় হ্যারিকেনে ক্ষতিগ্রস্ত হওয়া স্টেডিয়াম সারানোর জন্য অর্থ সংগ্রহের লক্ষ্যে এ মাসের ৩১ তারিখ লর্ডসে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে অনুষ্ঠিত হতে চলা একটি চ্যারিটি টি-২০ ম্যাচে আইসিসি বিশ্ব একাদশে জায়গা পেলেন নেপালের তরুণ স্পিনার সন্দীপ লামিছানি। ১৭ বছর বয়সি এই ক্রিকেটার এখন দিল্লি ডেয়ারডেভিলসের হয়ে আইপিএলে খেলছেন। তাকে সাহায্য করছেন অস্ট্রেলিয়ার প্রাক্তন প্রাক্তন রিকি পন্টিং। ইতিমধ্যেই বিভিন্ন প্রতিযোগিতায় দুর্দান্ত পারফরম্যান্স দেখিয়ে সাড়া ফেলেছেন সন্দীপ। এবার তিনি বিশ্বের সেরা ক্রিকেটারদের সঙ্গে খেলার সুযোগ পাচ্ছেন। তবে বাংলাদেশের তারকা অলরাউন্ডার সাকিব আল হাসান ব্যক্তিগত কারণে এই ম্যাচে খেলবেন না বলে জানিয়েছেন। ২০১৪ সালে নেপালের তৎকালীন কোচ পুবুদ দাসানায়েকের নজরে পড়েন সন্দীপ। তিনি ২০১৬ সালের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে প্রথমবার নেপালের হয়ে খেলেন। সেই প্রতিযোগিতায় ১৬টি উইকেট নেন এই তরুণ রিস্ট স্পিনার। এ বছরের ফেব্রুয়ারিতে নামিবিয়ায় অনুষ্ঠিত হওয়া বিশ্ব ক্রিকেট লিগের দ্বিতীয় ডিভিশনের ৬টি ম্যাচে ১৭টি উইকেট নেন সন্দীপ। এরপর মার্চে বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বে ১৩টি উইকেট নেন তিনি। এই প্রতিযোগিতায় অষ্টম স্থানে শেষ করে ২০২২ পর্যন্ত একদিনের আন্তর্জাতিক ম্যাচ খেলার যোগ্যতা অর্জন করেছে নেপাল। দেশের প্রথম ক্রিকেটার হিসাবে আইপিএলে সুযোগ পাওয়ার পর এবার বিশ্ব একাদশে জায়গা পেয়েছেন সন্দীপ। তাঁর সতীর্থ হতে চলেছেন ইয়ন মর্গ্যান (অধিনায়ক), শাহিদ আফ্রিদি, তামিম ইকবাল, দীনেশ কার্তিক, রাশিদ খান, মিচেল ম্যাকক্লেনাগান, শোয়েব মালিক, হার্দিক পান্ডিয়া, থিসারা পেরেরা ও লুক রঞ্চি। বিশ্বক দলে থাকবেন স্যামুয়েল বদ্রী, কার্লোস ব্রেথওয়েট, ক্রিস গেইল, এভিন লিউইস, মার্লন স্যামুয়েলস, আন্দ্রে রাসেলরা। এই সুযোগ পাওয়া প্রসঙ্গে তিনি বলেন, গোটা দেশ এবং ক্রিকেটপ্রেমীদের জন্য সম্মানের বিষয় এটা। এই ঘটনা ইঙ্গিত দিচ্ছে, আমরা আন্তর্জাতিক ক্রিকেটে ছাপ ফেলছি। টিভিতে যে ক্রিকেটারদের খেলা দেখেছি, তাদের সঙ্গে অনুশীলন, একই ড্রেসিংরুমে থাকা এবং খেলার সুযোগ পেতে চলেছি। অনেক কিছু শেখাএবং উন্নতি করার সুযোগ পাব।

রাজস্থানের বিরুদ্ধে জয় পাওয়ায় কার্তিককে শুভেচ্ছা শাহরুখের

স্টাফ রিপোর্টার: মুম্বই ইন্ডিয়ান্সের কাছে পরপর দুটো ম্যাচ হেরে কার্যত মুষড়ে পড়েছিল কলকাতা নাইট রাইডার্স। আত্মবিশ্বাস একেবারে তলানিতে এসে ঠেকেছিল। এই পরাজয়ের প্রভাব দলের উপর এতটাই খারাপভাবে পড়েছিল যে খোদ নাইট মালিক শাহরুখ খানকে সমর্থকদের কাছে ক্ষমা চাইতে হয়েছিল। তবে দলের আত্মবিশ্বাস ফেরানোর দায়িত্ব অধিনায়ক দীনেশ কার্তিক নিজের কাঁধে তুলে নিয়েছিলেন। পরপর দুটো ম্যাচে কিংস ইলেভেন পাঞ্জাব এবং রাজস্থান রয়্যালসকে পরাস্ত করে আপাতত কলকাতা নাইট রাইডার্স বেশ স্থিতিশীল জায়গায় রয়েছে। গতকাল রাজস্থান রয়্যালসকে পরাস্ত করে নাইট রাইডার্স। এইজয়ের কারণেই পয়েন্ট তালিকায় তৃতীয় স্থানটি পাকা করে নেয় তারা। পরের ম্যাচটা জিতলে প্লে-অফ নিশ্চিত কলকাতার। সেক্ষেত্রে কিছুটা অঙ্কের জটিলতা থাকবে। পরের ম্যাচে কেকেআরকে সনরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে খেলতে হবে। আপাতত নাইট ব্রিগেডে বইছে খুশির হাওয়া। দলের এমন পারফরম্যান্সে বেশ খুশি কিং খান। তিনি একটি টুইট করে কার্তিক অ্যান্ড কোম্পানিকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি লিখেছেন, হাসিটা আমার মুখ থেকে দীনেশ কার্তিকের মুখে চলে গেছে। খুব ভাল। পাশাপাশি তিনি কুলদীপ যাদব, ক্রিস লিন, প্রসিদ্ধ কৃষ্ণা, সুনীল নারিন এবং শিবম মাভির প্রশংসা করেছেন। গতকাল এই ম্যাচটা কলকাতাকে জিততেই হত। নাহলে দু'বারের চ্যাম্পিয়ন দল এবছর পরের রাউন্ডে যেতে পারত না। তবে রাজস্থান যেভাবে শুরু করেছিল, তা দেখে মনে হচ্ছিল ২০০ রানের গন্ডি অনায়াসে পার করে যাবে রাজস্থান। কিন্তু শেষ পর্যন্ত ৬ উইকেটে এই ম্যাচ জিতে নেয় কেকেআর।

এশিয়ান চ্যাম্পিয়নশিপে চিনকে হারাল ভারতের মেয়েরা

নয়াদিল্লি, ১৬ মে: মহিলাদের এশিয়ান চ্যাম্পিয়নশিপে এখনও আন বিটেন ভারত। বুধবার চিনকে ৩-১ গোলে হারিয়ে দিল ভারতের মেয়েরা। কমনওয়েলথ গেমসে পদক না পাওয়ার হতাশার থেকে একটু হলেও কাটবে ভারতের মেয়েরা। এই নিয়ে টুর্নামেন্টে ভারতের এটি দ্বিতীয় জয়। ম্যাচের শুরুতেই গোল করে ভারতকে এগিয়ে দিয়েছিলেন বন্দনা। চার মিনিটে প্রথম গোলের পর তাঁর স্টিক থেকেই আবার গোল আসে ১১ মিনিটে। তৃতীয় গোল গুরজিত কাউরের। পেনাল্টি কর্ণার থেকে গোল করে যান তিনি। চিনের একমাত্র গোলটি আসে ১৫ মিনিটে ওয়েন ডানের স্টিক থেকে। এখনও পর্যন্ত দুটো ম্যাচ জিতে লিগ তালিকার শীর্ষে রয়েছে ভারত। ভারতের পরবর্তী খেলা আজ মালয়েশিয়ার বিরুদ্ধে। অন্য ম্যাচে জাপানকে প্রথম ম্যাচে ভারত হারিয়েছিল ৪-১ গোলে। এই টুর্নামেন্টের মাধ্যমেই আবার ভারতীয় মহিলা দলের দায়িত্ব ফিরলেন কোচ সোর্ড মারিজিন।

জাতীয় দল থেকে বাদ পড়লেন ইব্রা

স্টকহোম, ১৬ মে: জাতীয় দল থেকে অবসর নিলেও রাশিয়া বিশ্বকাপ খেলার ইচ্ছেপ্রকাশ করে অবসর ভাঙতে আগ্রহী ছিলেন। কিন্তু দেশের জার্সিতে সবচেয়ে বেশি গোল করা স্ট্রাইকারের ইচ্ছাকে গুরুত্ব দিলেন না কোচ জেনি অ্যান্ডারসন। ইব্রাহিমোভিচকে ছাড়ায় ২০১৮ বিশ্বকাপের দল ঘোষণা করল সুইডেন। কোচ অ্যান্ডারসন যে দল ঘোষণা করেছেন, তাতে নাম নেই ইব্রা'র। প্রাক্তন তারকা খেলোয়াড়কে বিশ্বকাপের দলে না রাখার কারণ ব্যাখা করে সুইডিশ কোচ জানান,' বড় নাম নয়, টিম স্পিরিট দেখেই দল গড়া হয়েছে'। এই দলটাই বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করেছে। এই দল নিয়েই আমরা প্লে-অফ খেলছি। আশা করি আমরা বিশ্বকাপেও ভালো করব' ইব্রাকে ছাড়াই বিশ্বকাপের যোগ্যতা অর্জন করে সুইডেন। ঘরের মাঠে প্রাক্তন বিশ্বচ্যাম্পিয়ান ফ্রান্সকে হারিয়ে প্লে-অফ খেলে সুইডেন। প্লে-অফে চারবারের বিশ্বচ্যাম্পিয়ান ইতালিকে হারিয়ে রাশিয়া বিশ্বকাপের ছাড়পত্র পায় সুইডেন। গ্রুপ-এফ তে সুইডেনের সঙ্গে রয়েছে জার্মানি, দক্ষিণ কোরিয়া এবং মেক্সিকো।

সম্প্রতি এক অনুষ্ঠানে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর সঙ্গে দেখা হয়েছে বলিউডের বিখ্যাত নায়ক অর্জুন কাপুরের। তিনি তাঁর টুইটে লিখেছেন, রোনাল্ডোর অসংখ্য সমর্থক আছে ভারতে। তাই তিনি তাঁকে ভারতে আসার আমন্ত্রণ জানিয়েছেন। রোনাল্ডো ভারতে আসার ইচ্ছাও প্রকাশে করেছেন এটাও তিনি লেখেন তাঁর টুইট অ্যাকাউন্টে।

নতুন তিন ফুটবলার চাইছেন মোহন কোচ শঙ্করলাল

স্টাফ রিপোর্টার: ডামাডোলে মোহনবাগানের নতুন মরশুমের অনুশীলনের দিনক্ষণঠিক হয়ে গেল। শোনা যাচ্ছে, ২ জুলাই থেকে নতুন মরশুমের প্র্যাকটিস শুরু হওয়া নিয়ে আলোচনা হয় বৈঠকে। মিটিংয়ে কোচ শঙ্করলাল চক্রবর্তী কর্তাদের কাছে একজন ডিফেন্ডার ও দু'জন মিডফিল্ডার নেওয়ার কথা জানিয়েছেন। কিন্তু দলবদলের ভাঙা বাজারে নতুন তিন ফুটবলারকে সই করানো কর্তাদের কাছে অবশ্যই চ্যালেঞ্জের। চুক্তিবদ্ধ ২৫ জন ফুটবলার ছাড়া এই তিনজন ফুটবলারকে নেওয়া হতে পারে। নতুন মরশুমের কোচ ও ফুটবলারদের নিয়ে এদিন বৈঠকে বসেছিলেন ফুটবল সচিব স্বপন ব্যানার্জি। কিন্তু সচিব অঞ্জন মিত্র উপস্থিত ছিলেন না। কোচ শঙ্করলালের পাশাপাশি হাজির ছিলেন গোলরক্ষক কোচ অর্ণব দে। সভায় আসন্ন কলকাতা লিগ চ্যাম্পিয়ন হওয়ার শপথ নেন কোচ-ফুটবলাররা। বৈঠকে ফুটবলারদের সামনে বক্তব্য পেশ করেন ফুটবল সচিব। ফুটবলারদের তিনি বলেন, মরশুম চলাকালীন কোনও সমস্যা হলে মন খুলে তাকে জানাতে। প্রায় এখ মাস আগে বাগানের মরশুম শেষ হলেও কলকাতাতেই বসে ছিলেন বিদেশি কিংসলে, ডিপান্ডা ডিকারা। পেমেন্টের আশায়। এদিনের বৈঠকে ফুটবলারদের আশ্বস্ত করা হয়, দু'একদিনের মধ্যে পেমেন্টের চেক ফুটবলারদের আ্যাকাউন্টে চলে যাবে। মিটিংয়ের শেষে মোহনবাগানের লিমিটেড কোম্পানির ম্যানেজার সুমন ঘোষের তরফে গত মরশুমের ফুটবলারদের মোট বকেয়ার সব হিসাব তুলে দেওয়া হয় স্বপ্ন ব্যানার্জির হাতে। গত মরশুমের ফুটবলারদের বকেয়ার পরিমাণ ৭৬ লাখ টাকা।

ইভেন লিইউসকে আউট করার পর অ্যান্ড্রু ট্রাইয়ের উচ্ছ্বাস।

প্রকাশক এবং মুদ্রক দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষ লাহা, ৯৭/২, এম জি রোড, মিডল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিস লাহা* (পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).